মুজিবনগরে ভূমিদস্যুতা, সন্ত্রাস, চাঁদাবাজি ও মাদক কারবারের বিরুদ্ধে প্রেস ব্রিফিং

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের রশিকপুর গ্রামে ভূমিদস্যুতা, সন্ত্রাস, চাঁদাবাজি, অবৈধ অস্ত্রের ব্যবহার ও মাদক কারবারের বিরুদ্ধে সচেতন নাগরিকদের ব্যানারে প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) বিকেল সাড়ে ৪টার দিকে রশিকপুর গ্রামের মধ্যপাড়ায় গ্রামের সর্বস্তরের জনগণের আয়োজনে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মুজিবনগর উপজেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক ও মোনাখালী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক সুরুজ আলী খান। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আশাদুল হক। এতে সভাপতিত্ব করেন মোনাখালী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি সোহরাব খান (তোতা)। অনুষ্ঠান সঞ্চালনা করেন একই ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক বিজয় গাজী।
প্রেস ব্রিফিংয়ে সুরুজ আলী খান গত ২১ অক্টোবরের একটি ঘটনার বিবরণ তুলে ধরে অভিযোগ করেন, রশিকপুর গ্রামে বিএনপির মনোনীত মেম্বার প্রার্থী হিসেবে গণসংযোগে যাওয়ার সময় ওয়াদানের দোকানের সামনে এরশাদ নামের এক ব্যক্তি তাঁর গতিরোধ করেন এবং তাঁকে গালিগালাজ করেন।
তিনি দাবি করেন, দলীয় পরিচয় নিয়ে তাঁকে অপমানজনক কথাবার্তা বলা হয়। এর প্রতিবাদ জানিয়ে বাধা দেওয়ার কারণ জানতে চাইলে ১০ থেকে ১২ জন ব্যক্তি তাঁর ওপর চড়াও হন। পরে স্থানীয় কয়েকজনের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।
সুরুজ আলী খান আরও অভিযোগ করেন, বাড়িতে ফিরে যাওয়ার কিছুক্ষণ পর তিনি জানতে পারেন, তাঁর চাচাতো ভাই তোতার বাড়িতে হামলা ও ভাঙচুর করা হয়েছে। এ সময় তাঁর আরেক চাচাতো ভাই আসলাম হামলা ঠেকাতে এগিয়ে গেলে আশিক নামের এক ব্যক্তি পেছন থেকে দেশীয় অস্ত্র রামদা দিয়ে তাঁকে কোপ দিয়ে আহত করেন বলে তিনি দাবি করেন।

এসব ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িতদের শনাক্ত এবং তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানান সুরুজ আলী খান। একই সঙ্গে এলাকায় সন্ত্রাস, চাঁদাবাজি, অবৈধ অস্ত্রের ব্যবহার, মাদক কারবার ও সাধারণ মানুষের মধ্যে ভয়ভীতি সৃষ্টির মতো কর্মকাণ্ড বন্ধে প্রশাসনের কার্যকর পদক্ষেপ কামনা করেন তিনি।
প্রেস ব্রিফিংয়ে বক্তারা এলাকার শান্তি-শৃঙ্খলা বজায় রাখা, সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা এবং অপরাধের অভিযোগ নিরপেক্ষভাবে তদন্ত করে দোষীদের আইনের আওতায় আনার আহ্বান জানান।
তাঁরা বলেন, রশিকপুরসহ মুজিবনগর উপজেলার প্রতিটি এলাকায় শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করা জরুরি। রাজনৈতিক পরিচয় কিংবা ক্ষমতার প্রভাব ব্যবহার করে কেউ যেন সাধারণ মানুষকে হয়রানি করতে না পারে, সে বিষয়ে প্রশাসনকে সতর্ক ও কার্যকর ভূমিকা পালন করতে হবে।
প্রেস ব্রিফিং থেকে সংশ্লিষ্ট প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি ঘটনার নিরপেক্ষ তদন্ত, আসলামের ওপর হামলার অভিযোগ যাচাই এবং এলাকায় অপরাধ দমনে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের আহ্বান জানানো হয়।

পল্টন ট্র্যাজেডির বিচার দাবিতে মেহেরপুরে জামায়াতের বিক্ষোভ

২৮ অক্টোবর পল্টন ট্র্যাজেডি দিবস উপলক্ষে ঘটনার সঙ্গে জড়িতদের বিচারের দাবিতে মেহেরপুরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখা।

বুধবার (২৮ অক্টোবর) বিকেল ৪টায় শহরের কোর্ট চত্বর থেকে বিক্ষোভ মিছিলটি বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শহীদ শামসুজ্জোহা পার্কে গিয়ে শেষ হয়। এর আগে কোর্ট চত্বরে একটি বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমির তাজউদ্দিন খান।

এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের শূরা কমিটির সদস্য ও সেক্রেটারি মো. ইকবাল হুসাইন, সদর উপজেলা জামায়াতের আমির সোহেল রানা, পৌর জামায়াতের আমির সোহেল রানা ডলার, মুজিবনগর উপজেলা জামায়াতের আমির জাহান আলী, গাংনী উপজেলা জামায়াতের আমির ডা. মো. রবিউল ইসলাম এবং বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির মেহেরপুর জেলা শাখার সভাপতি আব্দুল সালামসহ সংগঠনটির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালন

মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে আলোচনা সভা ও র্যালি অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসন ও বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাকির আহমেদের সঞ্চালনায় “নিরাপদ সড়ক সমৃদ্ধ দেশ, সবার আগে বাংলাদেশ” শীর্ষক আলোচনা সভায় বক্তব্য দেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, ট্রাফিক ইন্সপেক্টর আব্দুল হান্নান, মেহেরপুর জেলা বিআরটিএর মোটরযান পরিদর্শক সাইদুর রহমান, সড়ক ও জনপথ বিভাগের সহকারী প্রকৌশলী মিজানুর রহমান, মেহেরপুর জেলা বাস মালিক সমিতির আহ্বায়ক আলমগীর হোসেন এবং মেহেরপুর জেলা ট্রাক, ট্রাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের সভাপতি এস এম আকিব।

এর আগে, জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে একটি র্যালি বের করা হয়।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। র্যালিতে জেলা প্রশাসক শিল্পী রানী রায় অংশ নেন।

এ সময় অন্যদের মধ্যে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাকির আহমেদ ও কাজী নৌরীন ইসলাম, সড়ক ও জনপথ বিভাগের সহকারী প্রকৌশলী মিজানুর রহমান, বিআরটিএর মোটরযান পরিদর্শক সাইদুর রহমান, জেলা বাস-মিনিবাস মালিক সমিতির আহ্বায়ক আলমগীর হোসেন, জেলা ট্রাক, ট্রাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের সভাপতি এস এম আকিব এবং জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিউর রহমানসহ বিভিন্ন পর্যায়ের ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

গাংনীতে দুটি ব্যবসা প্রতিষ্ঠানকে ১৫ হাজার জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী বাজারে অভিযান চালিয়ে দুটি ব্যবসা প্রতিষ্ঠানকে ১৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ বুধবার দুপুরে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান এ অভিযান পরিচালনা করেন।

অভিযানে বীজের প্যাকেটে উৎপাদন, মেয়াদ উত্তীর্ণ তারিখ, মূল্য ও পরিপূর্ণ ঠিকানা না থাকায় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ধারায় মো: মতিউল ইসলামের মেসার্স মনিরুল ট্রেডার্সকে ৫ হাজার এবং বিক্রয়ের উদ্দ্যেশে বাসি গ্রীল সংরক্ষণ এবং অপরিচ্ছন্ন পরিবেশে খাদ্য সামগ্রী উৎপাদন ও সংরক্ষণ করায় হানিফ হোটেল এন্ড রেস্টুরেন্টকে ১০ হাজারসহ ১৫ হাজার জরিমানা আদায় করা হয়।

এসময় হানিফ হোটেল এন্ড রেস্টুরেন্টকে পরিচ্ছন্ন পরিবেশে খাদ্য সামগ্রী উৎপাদন ও সংরক্ষণ করা জন্য নির্দেশনা প্রদান করা হয়।

অভিযানে সহযোগিতা করেন জেলা ভারপ্রাপ্ত বীজ প্রত্যয়ন কর্মকর্তা মো: আলমগীর হোসেন ও গাংনী উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর মো: মসিউর রহমান এবং মেহেরপুর জেলা পুলিশেরর একটা টীম।

জুলাই আন্দোলনে যুবদলের ভূমিকা ছিল সবচেয়ে বেশি

মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, ২০২৪ সালের আন্দোলন-সংগ্রামে যুবদলের নেতাকর্মীরা সবচেয়ে বেশি ভূমিকা পালন করেছে। প্রতিকূল পরিস্থিতির মধ্যেও তাঁরা মাঠে থেকে আন্দোলনে অংশ নিয়েছেন।

যুবসমাজের সাহস, ত্যাগ ও সাংগঠনিক শক্তি যেকোনো রাজনৈতিক আন্দোলনের জন্য গুরুত্বপূর্ণ। তাই যুবদলকে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ ও বেগম খালেদা জিয়ার সংগ্রামী রাজনৈতিক চেতনা ধারণ করে এগিয়ে যেতে হবে। দলের ঐক্য বজায় রাখা, সাংগঠনিক কার্যক্রম জোরদার করা এবং জনগণের পাশে দাঁড়ানোর মাধ্যমে যুবদলকে আরও শক্তিশালী সংগঠনে পরিণত করতে হবে।

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মঙ্গলবার বিকেলে জেলা যুবদলের উদ্যোগে জেলা পরিষদের সামনে অনুষ্ঠিত সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য এসকল কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বিএনপির সাংগঠনিক শক্তি সুসংহত করা এবং দলের পাশে থেকে আন্দোলন-সংগ্রামে ভূমিকা রাখার উদ্দেশ্যে ৪৮ বছর আগে যুবদল প্রতিষ্ঠা করেছিলেন। প্রতিষ্ঠার পর থেকেই যুবদল বিএনপির একটি গুরুত্বপূর্ণ সহযোগী সংগঠন হিসেবে কাজ করে আসছে। দলের সংকটময় সময়ে যুবদলের নেতাকর্মীরা রাজপথে থেকে আন্দোলন-সংগ্রামকে এগিয়ে নিয়েছেন। তিনি বলেন, বিএনপির সাবেক চেয়ারপারসন ও তিনবারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দীর্ঘ রাজনৈতিক জীবনে গণতন্ত্র পুনরুদ্ধার ও মানুষের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে নেতৃত্ব দিয়েছেন। তাঁর নেতৃত্বে বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা বিভিন্ন সময়ে

এগিয়ে আসতে হবে।

বিশেষ বক্তা হিসেবে বক্তব্য রাখেন যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক প্রিন্স আহমেদ ইমরান।

সমাবেশে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলীসহ বিএনপি, যুবদল ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

সমাবেশের পরে শহরের কোর্টমোড় থেকে একটি আনন্দ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলী সড়কে গিয়ে শেষ হয়। এতে জেলা ও উপজেলা পর্যায়ের যুবদলসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী অংশ নেন।

এসএসসি বৃত্তিতে মেহেরপুরে সেরা সন্ধানী স্কুল অ্যান্ড কলেজ

২০২৬ সালের এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে যশোর শিক্ষা বোর্ডের বৃত্তির ফলাফল প্রকাশ করা হয়েছে। এতে মেহেরপুর জেলায় সবচেয়ে বেশি শিক্ষার্থী বৃত্তি পেয়েছে গাংনীর সন্ধানী স্কুল অ্যান্ড কলেজ। প্রতিষ্ঠানটি থেকে ২৩ জন শিক্ষার্থী বৃত্তি লাভ করেছে।

জেলায় দ্বিতীয় অবস্থানে রয়েছে মেহেরপুর সদরের জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ।

সোমবার যশোর শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর ড. আব্দুল মতিন স্বাক্ষরিত বৃত্তির ফলাফল প্রকাশ করা হয়।

বোর্ডের জেলাভিত্তিক ফলাফলে প্রথম স্থানে রয়েছে খুলনা জেলা। এ জেলার ৫৪৪ জন শিক্ষার্থী বৃত্তি পেয়েছে। এর মধ্যে ১১৬ জন

থাকায় শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে কিছুটা হতাশা দেখা দিয়েছে। তবে আগামীতে আরও ভালো ফলাফল অর্জনের মাধ্যমে বোর্ডের মেধাতালিকায় জেলার অবস্থান উন্নত হবে বলে প্রত্যাশা করছেন তাঁরা।

বৃত্তির ফলাফল সম্পর্কে সন্ধানী সংস্থা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক আবু জাফর বলেন, “আমাদের সংস্থার উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের দক্ষ ও যুগোপযোগী করে গড়ে তোলা, যাতে তারা নিজেদের যোগ্য করে সমাজ ও রাষ্ট্র বিনির্মাণে ভূমিকা রাখতে পারে। আমাদের প্রতিষ্ঠানের প্রতিটি পদক্ষেপ নেওয়া হয় শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষায় শিক্ষিত করার পাশাপাশি মানবিক মানুষ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে। আমরা চাই, তারা নিজেদের দক্ষতার সঙ্গে কাজ করার পাশাপাশি সমাজ ও রাষ্ট্রের কল্যাণেও ভূমিকা রাখুক।”

মেহেরপুরে মাছবোঝাই গাড়ি উল্টে আহত ২

মেহেরপুরে মাছবোঝাই আলগামন উল্টে উজ্জ্বল ও ইমরান হোসেন নামে দুজন আহত হয়েছেন। মঙ্গলবার (২৭ অক্টোবর) সকালে ব্রিটিশ আমেরিকান টোব্যাকো অফিসের কাছে এ দুর্ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত উজ্জ্বল ঝিনাইদহ জেলার মোহাম্মদপুর গ্রামের আসু হালদারের ছেলে এবং ইমরান হোসেন চুয়াডাঙ্গার তেঘরিয়া গ্রামের মনিরুল ইসলামের ছেলে।

স্থানীয় সূত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা থেকে ড্রামে করে মাছ নিয়ে একটি আলগামনে করে মেহেরপুরে আসছিলেন তাঁরা। পথে ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ অফিসের কাছে পৌঁছালে গাড়িটির একটি চাকা ফেটে যায়। এতে চালক নিয়ন্ত্রণ হারালে আলগামনটি রাস্তার পাশে উল্টে যায়। এ সময় চালকসহ দুজন আহত হন।

দুর্ঘটনায় গাড়িতে থাকা ড্রাম থেকে বিপুল পরিমাণ মাছ রাস্তার পাশে

ছড়িয়ে পড়ে।

খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে আহত দুজনকে উদ্ধার করেন। পরে তাঁদের মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়া হয়।

মেহেরপুরে খেলনা পিস্তল দেখিয়ে ভয়, অনলাইন জুয়ার তথ্য পেয়ে গ্রেপ্তার ২

মেহেরপুরের বারাদী বাজারে আড্ডায় কথা-কাটাকাটির জেরে খেলনা পিস্তল বের করে ভয় দেখানোর পর স্থানীয়দের ঘেরাওয়ে আটক হন দুই যুবক।

পরবর্তীতে পুলিশি অভিযানে তাদের মোবাইল ফোন পরীক্ষা করে অনলাইন জুয়া পরিচালনার চাঞ্চল্যকর তথ্য মিলেছে। এ ঘটনায় ওই দুই যুবককে গ্রেপ্তার করেছে।

এ সময় তাদের কাছ থেকে দুটি আইফোনসহ পাঁচটি ডিভাইস ও একটি মাল্টি-কারেন্সি ডেবিট কার্ড জব্দ করা হয়।

সোমবার (২৬ অক্টোবর) সন্ধ্যায় জুয়া প্রতিরোধ আইনে মামলা দায়েরের পর তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।

গ্রেপ্তার দুজন হলেন মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামের মো. আবু সাইদের ছেলে সাব্বির আহমেদ (২২) এবং পিরোজপুর গ্রামের মো. মোস্তফা কামালের ছেলে মো. মাফুজুর রহমান ওরফে শিপন (২৬)।

স্থানীয় সূত্রে জানা যায়, রোববার (২৫ অক্টোবর) রাত ৯টার দিকে বারাদী বাজারে আড্ডা দেওয়ার সময় কথা-কাটাকাটির একপর্যায়ে ওই দুই যুবক একটি খেলনা পিস্তল বের করে প্রতিপক্ষকে ভয় দেখানোর চেষ্টা করেন। এতে পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে স্থানীয় লোকজন তাদের ঘেরাও করে বারাদী পুলিশ ফাঁড়িতে খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থলে

দেশবিরোধী ষড়যন্ত্রের প্রতিবাদে মেহেরপুরে বিএনপির সমাবেশ ও মিছিল

দেশবিরোধী ষড়যন্ত্র ও সরকারকে ব্যর্থ করে দেওয়ার তৎপরতার প্রতিবাদে মেহেরপুরে সমাবেশ ও মিছিল করেছে বিএনপি। আজ রোববার (২৫ অক্টোবর) বিকেল সাড়ে ৩টার দিকে পুলিশ সুপারের বাসভবনের সামনে থেকে একটি মিছিল বের করা হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শহীদ শামসুজ্জোহা পার্ক প্রাঙ্গণে গিয়ে শেষ হয়।

এর আগে কোর্ট চত্বরে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। এ ছাড়া বক্তব্য দেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

এ সময় বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে অনলাইন হয়রানি প্রতিরোধে অ্যাডভোকেসি ডায়ালগ

অনলাইন হয়রানি প্রতিরোধ, ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ ও জেন্ডারভিত্তিক প্রচলিত ধারণা পরিবর্তনের লক্ষ্যে মেহেরপুরে ‘সমতায় তারুণ্য’ প্রকল্পের আওতায় অ্যাডভোকেসি ডায়ালগ অনুষ্ঠিত হয়েছে।

রোববার (২৫ অক্টোবর) সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত শহরের বাঙালিয়ানা ভোজ রেস্টুরেন্টে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের আয়োজনে এ সংলাপ অনুষ্ঠিত হয়।

সংলাপে কিশোর-কিশোরীদের অনলাইন নিরাপত্তা, জেন্ডার স্টেরিওটাইপ, ব্যক্তিগত মর্যাদা, পারস্পরিক শ্রদ্ধাবোধ এবং হয়রানির শিকার হলে করণীয় বিষয়ে আলোচনা করা হয়। পাশাপাশি অনলাইন ও ব্যক্তিগত জীবনে কোনো সমস্যার মুখোমুখি হলে নীরব না থেকে বিশ্বস্ত অভিভাবক বা দায়িত্বশীল ব্যক্তির সহায়তা নেওয়ার ওপর গুরুত্বারোপ করা হয়।

নিরাপদ ও সমতাভিত্তিক পরিবেশ গড়ে তুলতে পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান, সামাজিক সংগঠন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সমন্বিত ভূমিকার বিষয়টিও আলোচনায় উঠে আসে।

অনুষ্ঠান পরিচালনা করেন হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক সৈয়দ মাহফুজুর রহমান।

এ সময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ আব্দুল্লাহ আল আমিন ধূমকেতু, মহিলা অধিদপ্তরের উপপরিচালক নাসিমা খাতুন, শহর সমাজসেবা কর্মকর্তা মো. সোহেল মাহমুদ, সহকারী অধ্যাপক এস এম রফিকুল আলম বকুল, শিক্ষক খন্দকার মুইজ উদ্দিন, সাংবাদিক মেহের আমজাদ, হেল্প ফাউন্ডেশনের পরিচালক দিলারা জাহান এবং উদ্যোক্তা শারমিনা পারভীন ও সাদিকুন নেসা।

এ ছাড়া ইয়ুথ অ্যাক্টিভিস্ট তানজিমুল ইসলাম, রাজিয়া খাতুন, মো. গালিব, সাব্বির হোসেন, শিহাব হাসান, মোছা. টুম্পা, ইসরাক ও শিশিরসহ বিভিন্ন পর্যায়ের অংশগ্রহণকারীরা উপস্থিত ছিলেন।

আয়োজকদের প্রত্যাশা, এ ধরনের সংলাপ স্থানীয় পর্যায়ে সচেতনতা বৃদ্ধি, বৈষম্যমূলক ধারণা পরিবর্তন এবং কিশোর-কিশোরীদের জন্য নিরাপদ ও সহায়ক পরিবেশ গড়ে তুলতে সংশ্লিষ্ট অংশীজনদের আরও সক্রিয় ভূমিকা রাখতে সহায়তা করবে।